

## প্রেস বিজ্ঞপ্তি

‘সরকারি কাজে ব্যবহারিক বাংলা’ ও ‘প্রশাসনিক পরিভাষা ২০১৫’ গ্রন্থ প্রকাশ করল জনপ্রশাসন মন্ত্রণালয়

ঢাকা, ৩১/০৩/২০১৫:

পকেট সাইজ ‘সরকারি কাজে ব্যবহারিক বাংলা’ ও ‘প্রশাসনিক পরিভাষা ২০১৫’ শীর্ষক দু’টি গ্রন্থ সংকলনের মোড়ক উন্মোচন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক। আজ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ গ্রন্থ দু’টির মোড়ক উন্মোচন করা হয়।

প্রমিত ভাষারীতি সম্পর্কে কর্মকর্তাগণকে অবহিত করার মাধ্যমে সরকারি কাজে ভাষার শুদ্ধতা নিশ্চিত করার উদ্দেশ্যে বাংলা একাডেমির প্রমিত বানান রীতি অনুসরণে এ গ্রন্থ দু’টি সংকলিত হয়েছে।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী আশা প্রকাশ করেন বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থার প্রত্যাহিক কাজে এ গ্রন্থদ্বয় সহায়ক হবে।

এ সময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



মোঃ তৌহিদুল ইসলাম  
সিনিয়র তথ্য অফিসার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫